



HELLENIC REPUBLIC

Ministry of Migration & Asylum

আন্তর্জাতিক সুরক্ষা আবেদনকারীদের আর্থিক সহায়তা প্রদানের শর্তাবলী:

ইংরেজি, ফরাসি, আরবী এবং ফার্সি ভাষার জন্য এখানে চাপ দিন

০১/০৭/২০২১ সাল থেকে YMA দ্বারা পরিচালিত পরিষেবা বা অংশীদার দ্বারা পরিচালিত আবাসন কাঠামোতে (উন্মুক্ত আবাসন কাঠামো ΥΠΥΤ, অভ্যর্থনা ও পরিচয় সনাক্তকরণ কেন্দ্র, এস্তিয়া প্রোগ্রাম, হোস্টেল পরিচালনাকারী সহযোগী সংস্থা) আন্তর্জাতিক আশ্রয়ের আবেদনকারীদের আর্থিক সহায়তা প্রদানের জন্য তাদের মাসিক উপস্থিতির সনদের প্রয়োজন হবে।

সুতরাং, আশ্রয় আবেদনকারীদের মধ্যে যারা আর্থিক সহায়তা পেয়ে থাকেন এবং উপরোক্ত শর্ত অনুসারে আবাসন স্থান, তারা আবাসনের জন্য আবেদন করতে পারবেন এবং তাদেরকে সুপারিশ করা হবে।

কেবলমাত্র ESTIA প্রোগ্রামের বিশেষ প্ল্যাটফর্মের মাধ্যমে আবেদনগুলো গৃহীত হয়।

সতর্কতা : আগ্রহীরা সরাসরি এই আবেদন জমা করতে পারবে না, তবে বিশেষ প্ল্যাটফর্মে নিবন্ধিত সুপারিশকারী সংস্থার মাধ্যমে করতে পারবে। সুপারিশকারী সংস্থাগুলো সরকারি বা বেসরকারি যে কোন আইনি সত্ত্বা (উদাহরণস্বরূপ: অভিবাসী সংমিশ্রণ বিষয়ক কেন্দ্রসমূহ, স্থানীয় সামাজিক পরিষেবা গুলোতে যাদের দোভাষী আছে, বেসরকারি সংস্থা গুলোর ডে সেন্টার, আন্তর্জাতিক সংস্থা, এস্তিয়া প্রোগ্রাম বাস্তবায়নকারী অংশীদার) যারা আগ্রহীদের বোধগম্য ভাষায় সেবা দিতে পারে।

উপরোক্ত সংস্থাগুলো যদি ইতিমধ্যে বিশেষ প্ল্যাটফর্মে নিবন্ধিত না হয়, তবে এই <https://dpas.migration.gov.gr/> লিঙ্কটিতে প্রবেশ করে সাধারণ প্রক্রিয়ায় নিবন্ধন করে নিতে পারেন।

আবাসনের আবেদন দাখিল করার জন্য, সুপারিশকারী সংস্থা থেকে আগ্রহীদের ব্যক্তিগত তথ্যে চাওয়া হবে, সেই সাথে তাদের বৈবাহিক অবস্থা এবং উপযুক্ত আবাসনের জন্য অন্য যে কোন প্রয়োজনীয় তথ্য চাইতে পারে। এটা খুবই গুরুত্বপূর্ণ যে আগ্রহীরা তাদের সুপারিশকারী সংস্থার নিকট তাদের সাথে যোগাযোগের ঠিকানা (টেলিফোন এবং ই-মেইল) হিসেবে নিশ্চিত তথ্য অবহিত করবে।

আগ্রহীদের আবাসন স্থানের জন্য প্রাসঙ্গিক কার্যকলাপ সম্পন্ন করার সাথে সাথে সুপারিশকারী সংস্থাকে অবহিত করা হবে, যাতে করে প্রাসঙ্গিক যোগাযোগ সম্পন্ন করতে পারে। যে আবাসনটি বরাদ্দ করা হবে সেটা উন্মুক্ত আবাসন কাঠামো অথবা ESTIA ২০২১ প্রোগ্রামে হতে পারে। আগ্রহীদের বর্তমান বাসস্থানটি বিবেচনায় নেওয়া হবে, তবে যে আবাসনটির প্রস্তাব দেওয়া হবে, সেটি ভিন্ন জেলায় অবস্থিত হওয়ার প্রচুর সম্ভাবনা থাকবে।

আগ্রহীদের জানা উচিত যে, তাদের অন্যান্য সুবিধাভোগীদের সাথে থাকার জন্য আমন্ত্রণ করা হতে পারে। সেক্ষেত্রে, ইতিমধ্যে তাদের বৈবাহিক অবস্থা, জাতীয়তা এবং কোন ভাষা তাদের বোধগম্য তা নিশ্চিত করা হবে, যাতে তাদের সাথে সহ অবস্থানকারীর বৈশিষ্টের সাথে সামঞ্জস্যপূর্ণ হয়।



HELLENIC REPUBLIC

Ministry of Migration & Asylum

যদি ইতিমধ্যেই আগ্রহীরা অতীতে আবাসনের আবেদন করে থাকেন ,তাহলে তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। মন্ত্রণালয়ের কাছে তাদের ফাইল আছে এবং তা প্রক্রিয়াধীন রয়েছে। তবে, যদি যোগাযোগের তথ্য পরিবর্তন করে থাকেন, অথবা/এবং বৈবাহিক অবস্থার পরিবর্তন হয়ে থাকে , তবে তাদের পক্ষ থেকে আবাসনের সুপারিশকারী সংস্থাকে অবহিত করা উচিত, যাতে তারা সেই পরিবর্তন সংযোজন করতে পারে।

আইনি সিদ্ধান্তের অধীন আন্তর্জাতিক সুরক্ষা আবেদনকারী আগ্রহীদের (অর্থাৎ, যারা আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদনের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেননি) তাদের পর্যাপ্ত আবাসন ব্যবস্থা এবং প্রদত্ত সকল কিছু সরবরাহ অব্যাহত থাকবে।

আশ্রয়প্রার্থীদের অভ্যর্থনার জন্য সাধারণ সচিবালয়

অভ্যর্থনা এবং পরিচয় সনাক্তকরণ পরিষেবা সমর্থিত বিভাগ।